গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)**
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.naem.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৫/১২৯০

তারিখ: ২৯.০৯.১৪৩২ ব.
১৩.০১.২০২৬ খ্রি.

**গবেষণা প্রস্তাবনা আহ্বান**

জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)-এর ২০২৬-২৭ অর্থবছরে গবেষণাকর্ম সম্পাদনের জন্য নায়েম গবেষণা নীতিমালা ২০১৮ অনুযায়ী শিক্ষা মন্ত্রণালয়ের অধীন সংস্থা/দপ্তর/অধিদপ্তর/ইনস্টিটিউট এবং সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসহ জাতীয় পর্যায়ের প্রশিক্ষণ এবং গবেষণা প্রতিষ্ঠানের অনুষদ/গবেষকদের নিকট থেকে গবেষণা-প্রস্তাব আহবান করা যাচ্ছে। নিম্নেবর্ণিত ক্ষেত্রসমূহের ভিত্তিতে গবেষণা প্রস্তাব প্রণয়ন ও জমাদানের শর্তাবলি পূরণ করে আগামী ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রস্তাবনার হার্ডকপি ও সফটকপি পরিচালক (গবেষণা ও তথ্যায়ন), নায়েম, বরাবর দাখিল করতে অনুরোধ করা হলো।

**১. গবেষণার ক্ষেত্রসমূহ:**

| | | | |
|---|---|---|---|
| 01 | Education Policy | 06 | Pedagogy and Andragogy |
| 02 | Primary, Secondary & Tertiary Education | 07 | Human Resource Development (HRD), Human Resource Management (HRM) in Education |
| 03 | Education Financing | 08 | Islamic and Madrashah Education |
| 04 | Innovation, Artificial Intelligences (AI) in Education | 09 | Multilingual Education, Linguistic Diversity |
| 05 | Curriculum and Text Book | 10 | Peace Education and EIU, ESD, GCED |

**২. গবেষণা-প্রস্তাব প্রণয়ন ও জমাদানের শর্তসমূহ:**

(ক) Plagiarism Similarity Index (২৫% এর নিচে) অনুসরণপূর্বক গবেষণা প্রস্তাবের সফটকপি Word Format-এ ইংরেজি: Times New Roman বাংলা: Nikosh-এ প্রণয়ন করে ই-মেইল rddivision.naem@gmail.com/ayetali42@gmail.com প্রেরণ করতে হবে;

(খ) গবেষণা প্রস্তাবনা ইংরেজি অথবা বাংলা ভাষায় প্রণয়ন করা যাবে;

(গ) প্রতিটি গবেষণা প্রস্তাবনার দুটি অংশ থাকবে, প্রথম অংশে শুধু গবেষণার শিরোনামসহ প্রস্তাবনা থাকবে। দ্বিতীয় অংশে গবেষণাদলের উপদেষ্টার জীবন-বৃত্তান্ত, স্বাক্ষরসহ সম্মতিপত্র এবং গবেষণাদলের প্রত্যেক সদস্যের স্বীকৃত জার্নালে প্রকাশনার তালিকাসহ জীবনবৃত্তান্ত (অনূর্ধ্ব ৩ পৃষ্ঠা), এনআইডির অনুলিপি অন্তর্ভুক্ত করে উভয় অংশের ০৫ সেট দাখিল করতে হবে। এক পৃষ্ঠায় গবেষকদলের সকল সদস্যের নাম, বর্তমান ঠিকানা ও মোবাইল, ই-মেইলসহ দাখিল করতে হবে;

(ঘ) গবেষকগণ যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্রসহ গবেষণা প্রস্তাবনা দাখিল করবেন;

(ঙ) নায়েম অনুষদকে যে কোনো গবেষণাদলে অন্তর্ভুক্ত করা যাবে এবং আগ্রহী অনুষদ গবেষণাদল গঠন করে গবেষণায় অংশগ্রহণ করতে পারবেন;

(চ) গ্রন্থপঞ্জি/References লেখার ক্ষেত্রে হালনাগাদ **APA Style (7th Edition)** অনুসরণ করতে হবে;

(ছ) গবেষণাকর্ম সম্পাদন শেষে জমাকৃত প্রতিবেদনের উপর নায়েম জার্নাল-এ প্রকাশযোগ্য প্রবন্ধ জমা দিতে হবে। উহা Reviewer-এর মূল্যায়নের ভিত্তিতে নায়েম জার্নালে প্রকাশের ব্যবস্থা করা হবে;

(জ) প্রতিটি গবেষণাকর্মের ফলাফলের সারসংক্ষেপ গবেষণা ও তথ্যায়ন বিভাগ-এ জমা দিতে হবে;

(ঝ) গবেষণাকর্মের সকল ব্যয় সরকারি নীতিমালা ও বাজেট অনুযায়ী পরিশোধ করা হবে;

(ঞ) গবেষণা প্রস্তাবনায় গবেষক দলের উপদেষ্টাসহ সকলের কার্য পরিধি সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩. যে কোনো গবেষণাদলের প্রস্তাবনা, গবেষণা দল পরিবর্তন/পরিমার্জন ও বাতিলের ক্ষমতা নায়েম-এর গবেষণা ও তথ্যায়ন বিভাগ এবং গবেষণা কমিটি সংরক্ষণ করে।

**৪. গবেষণা প্রস্তাবনা ক্রমিক ১-এ উল্লিখিত গবেষণা ক্ষেত্রসমূহের মধ্যে আপনার প্রস্তাবনা কোনটির অন্তর্ভুক্ত তা উল্লেখ করুন:**

**৫. গবেষণা প্রস্তাবনার কাঠামো:**

(৫.০) গবেষণার শিরোনাম (Title of the Research)

(৫.১) ভূমিকা (Introduction)
(৫.২) সমস্যার বিবরণ (Statement of the Problem)
(৫.৩) গবেষণা বিষয়ের যৌক্তিকতা (Rationale of the Study)
(৫.৪) গবেষণার উদ্দেশ্য (Objectives of the Study)
(৫.৫) গবেষণার পরিধি ও সীমাবদ্ধতা (Scope and Limitation of the Study)
(৫.৬) অনুমিত সিদ্ধান্ত (Formulation of Hypothesis)
] অনূর্ধ্ব ১০০০ শব্দ

(৫.৭) প্রস্তাবিত গবেষণার সঙ্গে সংশ্লিষ্ট বা সম্পর্কিত গবেষণাকর্মের পর্যালোচনা (Literature Review)
(৫.৮) গবেষণা পদ্ধতি (Methodology of the Study)
] অনূর্ধ্ব ৫০০ শব্দ

(৫.৯) নমুনায়ন (Sampling)

(৫.৯ ক) উপাত্তের উৎস ও সংগ্রহের পদ্ধতি (Source of Data and Methods of Data Collection)
(৫.৯ খ) উপাত্ত সংগ্রহের উপকরণ (Tools of Data Collection)
(৫.৯ গ) উপাত্ত বিশ্লেষণ ও উপস্থাপন পদ্ধতি (Methods of Data Analysis and Presentation)
(৫.৯ ঘ) গবেষণাকর্মটি সম্পাদনে ধারণাগত কাঠামো (Conceptual Framework of Study)
(৫.৯ ঙ) গ্রন্থপঞ্জি/তথ্য নির্দেশিকা (Bibliography/References)
৬. গবেষণাকর্ম সম্পাদনের কর্মপরিকল্পনা ও বাজেট (Work Plan of the Study and Budget)
৭. প্রত্যাশিত ফলাফল (Expected outcomes)

অনূর্ধ্ব ৫০০ শব্দ

৮. **গবেষণা বাজেট:** গবেষণাকর্ম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মোট বরাদ্দ: **সর্বোচ্চ ০৪ (চার) লক্ষ টাকা।**

৯ **গবেষণাদল গঠন ও ব্যয় বিভাজন:**

| গবেষণাদলের গঠন | সম্মানী বাবদ বরাদ্দ ও ব্যয় বিভাজন (%) |
|---|---|
| পরামর্শক : ০১জন | ৫% |
| দলনেতা : ০১জন | ১২% |
| সদস্য : ০২জন | ১৮% |
| | সম্মানী বাবদ মোট ব্যয় = ৩৫% |
| উপাত্ত সংগ্রহ, গবেষকদের যাতায়াত (টিএ/ডিএ), ষ্টেশনারি ক্রয়, সেমিনার, ওয়ার্কশপ এফজিডি, খসড়া-চূড়ান্ত প্রতিবেদন তৈরি ও জমা, অন্যান্য খাত বাবদ ব্যয় | ৬৫% |
| মোট = | ১০০% |

১০. **গবেষকদলের কর্মপরিধি:**
গবেষণা প্রস্তাবনায় গবেষকদলের উপদেষ্টা, দলনেতা, সদস্য-১ ও সদস্য-২ এর কর্মপরিধি অবশ্যই উল্লেখ করতে হবে।

১১. **পরামর্শকের যোগ্যতা:**
এমফিল/পিএইচডি ডিগ্রি অথবা শিক্ষা ও গবেষণাকর্মে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা। একই অর্থবছরে কোনো গবেষক একাধিক দলের উপদেষ্টা/পরামর্শক হতে পারবেন না।

১২. **গবেষণাদলের দলনেতা ও সদস্যের যোগ্যতা:**
(ক) দলনেতা এমফিল বা পিএইচডি ডিগ্রিধারী হবেন/প্রতিষ্ঠিত জার্নালে প্রকাশিত কমপক্ষে ০৫ (পাঁচ)টি গবেষণাকর্ম থাকতে হবে। গবেষক/ সদস্যগণ ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রিধারী হবেন।
(খ) একজন গবেষক কেবল ০১ (এক)টি গবেষণাদলের সদস্য হতে পারবেন। যদি কেউ একাধিক দলের সদস্য হয়ে গবেষণা প্রস্তাবনা দাখিল করেন তবে অনুমোদিত হওয়ার পর তিনি একটি দলে অন্তর্ভুক্ত থাকবেন। অন্য দলে তার স্থলে কর্তৃপক্ষ নতুন সদস্য অন্তর্ভুক্ত করবে;
(গ) অনুমোদিত গবেষণা দলে বা প্রস্তাবনায় কোনো পরিবর্তন প্রয়োজন হলে পরিচালক (গবেষণা ও তথ্যায়ন)-এর মাধ্যমে পরিবর্তন করতে হবে;
(ঘ) গবেষণাকর্মের জন্য ভ্রমণকালকে দাপ্তরিক কর্মকাল বলে গণ্য করা হবে। উক্ত ভ্রমণের জন্য অনুমোদিত গবেষণাকর্মের বরাদ্দ হতে সকল ব্যয় নির্বাহ করতে হবে। রাজস্ব বাজেট হতে আলাদাভাবে ভ্রমণ ভাতা দেওয়া হবে না।

(প্রফেসর ড. শাহ মো. আমির আলী)
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ও
সভাপতি, নায়েম গবেষণা কমিটি
ফোন: ৫৫১৬৭৫২৯
তারিখ: ১১.০৯.১৪৩২ ব.
২৬.০১.২০২৬ খ্রি.

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৫০০.৩৫.০০১.২৫/১৫৭০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. পরিচালক, প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/পরিকল্পনা ও উন্নয়ন, নায়েম;
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. কম্পিউটার প্রোগ্রামার, নায়েম (বিজ্ঞপ্তিটি নায়েম-এর ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
৬. প্রধান সম্পাদক/সম্পাদক-------------------------------------------------------------
৭. ডকুমেন্টেশন অফিসার (চলতি দায়িত্ব), নায়েম;
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম;
৯. অফিস নথি।

২৬.০১.২৬
(ড. মো. আতিকুল ইসলাম পাঠান)
পরিচালক(গ্রেড-৩)
গবেষণা ও তথ্যায়ন বিভাগ
নায়েম, শিক্ষা মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব, নায়েম গবেষণা কমিটি
ই-মেইল : rddivision.naem@gmail.com